



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

সূত্র: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৫/১২৯৩

তারিখ: ১১ নভেম্বর ২০১৫

## ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকা প্রকাশ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমের ১ম মেধা তালিকা ১২ নভেম্বর ২০১৫ তারিখে প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS ([nu<space>athn<space>roll no](sms:athnrollno)) টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪ টা থেকে এবং ওয়েবসাইটে [www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions) অথবা [admissions.nu.edu.bd](http://admissions.nu.edu.bd) রাত ৯ টা থেকে পাওয়া যাবে। ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ক্লাস ০১ ডিসেম্বর ২০১৫ তারিখ থেকে শুরু হবে।

২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকা প্রকাশ	১২/১১/২০১৫
খ)	১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার সময়	১৪/১১/২০১৫ থেকে ২২/১১/২০১৫
গ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি নিশ্চয়নের সময়	১৪/১১/২০১৫ থেকে ২৫/১১/২০১৫
ঘ)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি'র নির্ধারিত অংশ (ভর্তি নির্দেশিকার ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী) "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দেয়ার তারিখ সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Admission Payment Info (Hons.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	২৬/১১/২০১৫ থেকে ৩০/১১/২০১৫

### দৃষ্টি আকর্ষণ

সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (প্রার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন প্রার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে অনতিবিলম্বে বিষয়টি লিখিতভাবে উীন, স্নাতকোপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর জানাতে হবে।

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্মেরা খানম)

উীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

সদস্য সচিব, স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা পরিচালনা মূল কমিটি, ২০১৫-২০১৬

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২, ই-মেইল- deanug@nubd.info

সূত্র: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৫/১২৯৩

তারিখ: ১১ নভেম্বর ২০১৫

অনুলিপি:

- ১। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (অনার্স)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়